উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৫.০০১.২২-৮৫৫২

তারিখ ঃ ০৬/০৯/২০২২ খ্রিঃ

## সভার নোটিশ

আগামী ১৫ ই সেপ্টেম্বর ২০২২ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার, সকাল ১২.০০ ঘটিকায় উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা উপজেলা পরিষদের সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ আবদুল মজিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ। উপজেলা পরিষদের সকল সদস্য ও উপজেলার সরকারি বিভাগীয় প্রধানগণকে নির্ধারিত সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, স্ব-স্ব বিভাগের সভার কার্যবিবরণী জনাব নাঈমা হক, সি.এ উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ এর নিকট জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্য সূচী ঃ

(ক) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
(খ) গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা।
(গ) বিভিন্ন বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা।
(ঘ) বিবিধ।

(মোঃ আক্তারুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।

১। উপজেলা ............................................অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
২। চেয়ারম্যান, ................................ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

বিতরণ ঃ সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে ঃ

১. আলহাজ্ব হাফেজ মাওলানা রুহুল আমিন মাদানী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭, ত্রিশাল, ময়মনসিংহ।
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
৩. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৫. মেয়র, ত্রিশাল পৌরসভা।
৬. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৭. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

Scanned with CamScanner

উপজেলা পরিষদ কার্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ।

<u>ত্রিশাল উপজেলা পরিষদ এর সেপ্টেম্বর/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী।</u>

সভাপতি : মোঃ আবদুল মজিদ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ : ১৫/০৯/২০২২ খ্রি.
সময় : বেলা ১২:০০ ঘটিকা।

<u>উপস্থিত সদস্য : পরিশিষ্ট "ক"</u>

সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ আক্তারুজ্জামান সম্মানিত সদস্যগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে গত ১১/০৮/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করেন। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

অতঃপর আলোচ্যসূচির ক্রমধারা অনুযায়ী বিভাগীয় কর্মকর্তাগণকে তাঁদের বিভাগীয় কার্যাবলী এবং অগ্রগতি উপস্থাপন করার জন্য অনুরোধ জানানো হয় এবং আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | এল.জি.ই.ডি :<br>উপজেলা প্রকৌশলী অত্র মাসিক সাধারণ সভার সম্মানিত সভাপতিসহ সকল সদস্যকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে অবহিত করেন যে, এলজিইডি বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। এছাড়াও তিনি উল্লেখ করেন যে, ২০২২-২৩ অর্থ বছরে অত্র উপজেলায় periodic maintenance এর আওতায় ০৭ টি সড়ক মেরামত কাজের প্রাক্কলন অনুমোদন পাওয়ায় নির্বাহী প্রকৌশলীর দপ্তর থেকে টেন্ডার আহ্বানের ব্যবস্থা করা হয়েছে। এছাড়াও সারা দেশব্যাপী LGED এর RSDMS-software এ অন্তর্ভূক্তির লক্ষ্যে অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়ন থেকে প্রাপ্ত ৩৪৯ টি সড়ক থেকে সংযুক্তি তালিকা মোতাবেক অর্ন্তভূক্তির জন্য তালিকা উপস্থাপন করা হলে তা উপজেলা পরিষদ কতৃক গৃহীত হয়। উপজেলা পরিষদের এডিপির কার্যক্রমের বিষয়ে তিনি অবহিত করেন যে AP(Annual planning) প্রনয়নের কাজ প্রায় শেষ পর্যায়ে AP(Annual planning) অনুমোদন পেলে উন্নয়ন পকল্প বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | উপজেলা প্রকৌশল বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০২ | <u>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ :</u><br>উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সার্বক্ষনিক ২৪ ঘন্টা জরুরী বিভাগ চালু রয়েছে। এছাড়াও বহিঃ বিভাগে প্রতিদিন সকাল ০৮ টা থেকে ২.৩০ পর্যন্ত রোগীর সেবা চলমান রয়েছে এবং অন্তঃ বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। করোনা টিকার কার্যক্রম ও অন্যান্য কার্যক্রম চালু রয়েছে। | উপজেলা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৩ | <u>উপজেলা কৃষি বিভাগ :</u><br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, সার বাজার মনিটরিং জোরদার করা হয়েছে। কৃষকদের আমন মৌসুমে করণীয় সম্পর্কে সচেতন করা হচ্ছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই।<br>চেয়ারম্যান, সাখুয়া ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার ইউনিয়নে কোন ব্লক সুপারভাইজার যায় না, যার দরুন্দ কৃষকরা সেবা থেকে বঞ্চিত হচ্ছে। এ ব্যাপারে কৃষি অফিসার জানান যে, লোকবল সংকটের কারনে সাখুয়া ইউনিয়নের ব্লক সুপারভাইজার এর পদটি এখন খালি আছে।<br>উপজেলা নির্বাহী অফিসার মহোদয় ২৪ জন ব্লক সুপারভাইজারদের মধ্য থেকে প্রতি ইউনিয়নে ০২ জন করে ব্লক সুপারভাইজারকে দায়িত্ব দেওয়ার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা অনুরোধ জানান। | উপজেলা কৃষি বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>আলোচনান্তে প্রতি ইউনিয়নে ০২ জন করে ব্লক সুপারভাইজারকে দায়িত্ব দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৪ | <u>উপজেলা মৎস্য বিভাগ :</u><br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, সাকার মাউথ ক্যাটফিস বর্তমানে জৈববৈচিত্রের জন্য হুমকীস্বরূপ। ত্রিশালের মৎস্য খামারী ভাইদের জালে মাছটি ধরা পড়লে মাছটি ধ্বংস করার জন্য সভার মাধ্যমে সকলকে অবগত করা হলো। তিনি আরো জানান যে, মৎস্য সংরক্ষণ আইনে মুক্ত জলাশয়ের মাছ চলাচলে কোন বাধা সৃষ্টি করা যাবেনা যেমন জলাশয়ে বানা, বাঁধ, চায়না দুয়ারী জাল ইত্যাদি দিয়ে বাঁধা সৃষ্টি করা যাবেনা । | উপজেলা মৎস্য বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৫ | <u>উপজেলা প্রাণিসম্পদ বিভাগ :</u><br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, প্রান্তিক পর্যায়ে সেবা one stop service এর মাধ্যমে প্রদানের লক্ষে ইউনিয়ন কমপ্লেক্স ভবনে তৈরীকৃত প্রাণীসম্পদ বিভাগের কক্ষটি বুঝিয়ে দেওয়ার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | প্রস্তাবমতে প্রান্তিক পর্যায়ে সেবা one stop service এর মাধ্যমে প্রদানের লক্ষে ইউনিয়ন কমপ্লেক্স ভবনে তৈরীকৃত প্রাণীসম্পদ বিভাগের কক্ষটি বুঝিয়ে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৬ | <u>উপজেলা সমাজসেবা বিভাগ ঃ</u><br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় অচ্ছল প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদন গত ১০ সেপ্টেম্বর শেষ হয়েছে। ত্রিশাল উপজেলায় মোট আবেদন পড়েছে ১৩৫৭ জন। ভাতার বরাদ্দ এখনো আসেনি। বরাদ্দ আসলে প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হবে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা সমাজসেবা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৭ | <u>উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ :</u><br>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। উলেখযোগ্য কোন সমস্যা নেই। এছাড়া আমাদের ১৮১ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের স্বাভাবিক কার্যক্রম চলছে। | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৮ | <u>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :</u><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিভাগীয় কাজে উপজেলার বাইরে থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ০৯ | <u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :</u><br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিভাগীয় কাজে উপজেলার বাইরে থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১০ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ।<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিভাগীয় কাজে উপজেলার বাইরে থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ১১ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ<br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য সভায় জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, মহিলা বিষয়ক অধিদপ্তরের ভালরাবেল উইমেন বেনিফিট জুলাই ও আগষ্ট মাসের খাদ্য বিতরনের প্রতিবেদন পাওয়া যায় নাই। কাঁঠাল, আমিরাবাড়ী, হরিরামপুর, মোক্ষপুর, রামপুর সেপ্টেম্বর/২০২২ মাসের ডিও খাদ্যের ছাড়পত্র দেওয়া হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা মহিলা বিষয়ক বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ<br>উপজেলা সমবায় অফিসার বিভাগীয় কাজে উপজেলার বাইরে থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ১৪ | উপজেলা বন বিভাগ :<br>উপজেলা বন কর্মকর্তা বিভাগীয় কাজে উপজেলার বাইরে থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ :<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার বিভাগীয় কাজে উপজেলার বাইরে থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর কার্যক্রম উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশক্রমে স্বাভাবিক ভাবে চলছে। ঋণ আদায় ও ঋণ বিতরণ চলমান আছে। বাজেট বরাদ্দ অনুসারে ০২(দুই) টি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। "দারিদ্র বিমোচনের লক্ষে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী"এর আলহরী অপ্রধান শস্য দল এ ০৬ (ছয়) জন সদস্যের মাঝে ঋণ প্রদান করা হয় ১,৩০,০০০/-(এক লক্ষ ত্রিশ হাজার ) টাকা। সাখুয়া ও রামপুর ইউনিয়নে অংশীদারিত্ব মূলক পল্লী উন্নয়ন প্রকল্প (পিআরডিপি)-৩ এর জুন/২০২২ পর্যন্ত সকল স্কীমের কাজ সমাপ্ত হয়েছে। আবর্তক ঋণ আদায় চলমান আছে। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৭ | জাইকা ঃ<br>উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, ইউজিডিপি প্রকল্পের ২০২০-'২১ অর্থবছরের বরাদ্দ দ্বারা বাস্তবায়নের জন্য অনুমোদিত তিনটি অবকাঠামো প্রকল্পের মধ্যে,<br>উপজেলা হেলথ কমপ্লেক্সের রোগি ও ত্রিশালের জনগণের জরুরী স্বাস্থ্য সেবার জন্য একটি এম্বুলেন্স সরবরাহ , উপপ্রকল্প নং- আইএনএফ -২০২০-'২১.৪৫৬১৯৪ (০১) যার ইউজিডিপি অনুমোদিত প্রাক্কলিত মূল্য ভ্যাট ও | প্রস্তাব মতে, উপজেলা হেলথ কমপ্লেক্সের রোগি ও ত্রিশালের জনগণের জরুরী স্বাস্থ্য সেবার জন্য একটি এম্বুলেন্স সরবরাহ , উপপ্রকল্প নং- আইএনএফ - | উপজেলা নির্বাহী অফিসার ত্রিশাল, ময়মনসিংহ। |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| | আইটিসহ =২৯, ০০, ০০০/-(ঊনত্রিশ লক্ষ) টাকা এবং সর্বমোট পরিশোধ যোগ্য বিল ( ভ্যাট ও আইটিসহ) =২৯, ০০, ০০০/-(ঊনত্রিশ লক্ষ) টাকা মাত্র।<br><br>১৪ আগস্ট, ২০২২ খ্রিঃ ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক এম্বুলেন্সটির সরবরাহ করা হলে তা কমিটির মাধ্যমে বুঝে নেওয়া হয় এবং গাড়িটির গুনগত মান পরীক্ষার জন্য নাভানা লিঃ এ পাঠানো হয় এবং নাভানা লিঃ থেকে প্রাপ্ত " ব্রিকল ডায়াগনস্টিক রিপোর্ট " মোতাবেক মান বিচারে উত্তীর্ণ হওয়ায় ২৫ আগষ্ট ২০২২ খ্রিঃ তারিখ হাসপাতাল কর্তৃপক্ষের কাছে সম্পূর্ণ ব্যবহার যোগ্য অবস্থায় হস্তান্তর সম্পন্ন হয়েছে এবং চূড়ান্ত বিলের জন্য উপজেলা চেয়ারম্যান বরাবরে আবেদনপত্র দাখিলের পরিপ্রেক্ষিতে উপজেলা চেয়ারম্যান মহোদয় পরবর্তী ব্যবস্থা গ্রহণের নির্দেশনাসহ আমার দপ্তরে প্রেরণ করেন। উল্লেখিত বিলটি উপজেলা পরিষদ কর্তৃক অনুমোদিত হলে বরাদ্দ ছাড়ের জন্য ঢাকা ইউজিডিপি প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। সে কারণে বিলটি অনুমোদনের প্রস্তাব সভায় উপস্থাপন করা হলো।<br><br>বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবটি সর্বসম্মতি ক্রমে অনুমোদিত হয়। | ২০২০-'২১.৪৫৬১৯৪ (০১)<br><br>এর চূড়ান্ত বিল বাবদ ( ভ্যাট ও আইটিসহ) =২৯, ০০, ০০০/- (ঊনত্রিশ লক্ষ) টাকা মাত্র অনুমোদিত এবং অর্থ ছাড়ের জন্য ঢাকা ইউজিডিপি প্রধান কার্যালয়ে যথাযথ নিয়ম মেনে প্রেরণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। | |

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে আগামী দিনগুলিতে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করে ত্রিশাল উপজেলার উন্নয়নে সহযোগিতা করার অনুরোধ জানান। অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আবারও ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবদুল মতিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৬.০০২.২০২২- ৯০০৮ তারিখ : ১৫/০৯/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :

১। আলহাজ্ব হাফেজ মাওলানা রুহুল আমিন মাদানী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭, ত্রিশাল, ময়মনসিংহ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, ময়মনসিংহ।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৮। উপজেলা ------------------------------ অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
৯। চেয়ারম্যান ------------------------ ইউনিয়ন পরিষদ (সকল), ত্রিশাল, ময়মনসিংহ।

(মোঃ আক্তারুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।

Scanned with CamScanner

উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৫.০০১.২২-১০০৫ তারিখ ঃ ১০/১০/২০২২ খ্রিঃ

## সভার নোটিশ

আগামী ১৩ ই অক্টোবর ২০২২ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার, সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা উপজেলা পরিষদের সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ আবদুল মজিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ। উপজেলা পরিষদের সকল সদস্য ও উপজেলার সরকারি বিভাগীয় প্রধানগণকে নির্ধারিত সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, স্ব-স্ব বিভাগের সভার কার্যবিবরণী জনাব নাঈমা হক, সি.এ উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ এর নিকট জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্য সূচী ঃ

(ক) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

(খ) গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা।

(গ) বিভিন্ন বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা।

(ঘ) বিবিধ।

১০/১০/২০২২
(মোঃ আক্তারুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।

১। উপজেলা ..........................................অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
২। চেয়ারম্যান, ..............................ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

বিতরণ ঃ সদয় অবগতার্থে / কার্যার্থে ঃ

১. আলহাজ্ব হাফেজ মাওলানা রুহুল আমিন মাদানী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭, ত্রিশাল, ময়মনসিংহ।
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
৩. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৫. মেয়র, ত্রিশাল পৌরসভা।
৬. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৭. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

Scanned with CamScanner